রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**সোমবার, সেপ্টেম্বর ১৩, ২০১০**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**স্থানীয় সরকার বিভাগ**

**উপজেলা-০১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৫ ভাদ্র ১৪১৭ বঙ্গাব্দ/৯ সেপ্টেম্বর ২০১০ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৩১৯-আইন/২০১০।**—উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪ নং আইন) এর ধারা ৩০ এর সহিত পঠিতব্য, ধারা ৬৩ তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা উপজেলা পরিষদ (চুক্তি সম্পাদন) বিধিমালা, ২০১০ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(১) "আইন" অর্থ উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪ নং আইন);

(২) "চুক্তি" অর্থ কোন কার্য সম্পাদনের জন্য পরিষদ কর্তৃক বা পরিষদের পক্ষে সম্পাদিত কোন চুক্তি;

(৩) "চেয়ারম্যান" অর্থে আইনের ধারা ২ (ক) তে সংজ্ঞায়িত অস্থায়ী চেয়ারম্যানও বুঝাইবে;

(৪) "ঠিকাদার" অর্থ পরিষদের যে কোন কাজ, মালামাল, উপকরণ বা সেবা সম্পন্ন বা সরবরাহের জন্য পরিষদের সহিত চুক্তিবদ্ধ ব্যক্তি বা প্রতিষ্ঠান;

(৫) "দরপত্র কমিটি" অর্থ বিধি ৪ এর অধীন গঠিত দরপত্র কমিটি;

(৬) "পরিষদ" অর্থ আইনের ধারা ৫ এর অধীন স্থাপিত উপজেলা পরিষদ।



**মূল্য ঃ** টাকা ৪.০০

৩। **দরপত্র আহ্বান**।—(১) পরিষদ তাহার কোন কার্য সম্পাদন বা বাস্তবায়নের উদ্দেশ্যে নিম্নবর্ণিত পদ্ধতিতে দরপত্র আহ্বান করিবে, যথা ঃ—

(ক) এক লক্ষ টাকা পর্যন্ত মূল্যমানের কাজ, মালামাল, উপকরণ বা সেবার ক্ষেত্রে একটি স্থানীয় খবরের কাগজে বিজ্ঞপ্তির মাধ্যমে এবং উপজেলা পরিষদ কার্যালয় ও উপজেলা সদরে অবস্থিত প্রত্যেক বিভাগীয় কার্যালয়ের নোটিশ বোর্ডে গণবিজ্ঞপ্তি লটকাইয়া প্রকাশ করিবে; এবং

(খ) এক লক্ষ টাকার অধিক কিন্তু পাঁচ লক্ষ টাকার কম মূল্যমানের কাজ, মালামাল, উপকরণ বা সেবার ক্ষেত্রে কমপক্ষে একটি স্থানীয় খবরের কাগজে এবং একটি জাতীয় বাংলা দৈনিকে বিজ্ঞপ্তির মাধ্যমে উপজেলা পরিষদ কার্যালয় ও উপজেলা সদরে অবস্থিত প্রত্যেক বিভাগীয় কার্যালয়ের নোটিশ বোর্ডে গণবিজ্ঞপ্তি লটকাইয়া প্রকাশ করিবে; এবং

(গ) পাঁচ লক্ষ টাকা মূল্যমানের অধিক কোন কাজ, মালামাল, উপকরণ বা সেবার ক্ষেত্রে, সময় সময়, সরকারের নির্দেশ সাপেক্ষে, অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী দরপত্র আহ্বান করিবে।

(২) দরপত্র আহ্বানের ক্ষেত্রে, পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (২০০৬ সনের ২৪ নং আইন) এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধানাবলী অনুসরণ করিতে হইবে।

৪। **দরপত্র কমিটি এবং উহার কার্যাবলী**।—(১) পরিষদ, বিধি ৩ এর অধীন আহুত দরপত্র মূল্যায়নের জন্য নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ সমন্বয়ে একটি দরপত্র কমিটি গঠন করিবে, যথা ঃ—

| | | | |
|---|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী কর্মকর্তা | - | আহ্বায়ক |
| ২. | পরিষদ কর্তৃক মনোনীত দুই জন সদস্য | - | সদস্য |
| ৩. | সংশ্লিষ্ট মহিলা সদস্য | - | সদস্য |
| ৪. | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান | - | সদস্য |
| ৫. | উপজেলা প্রকৌশলী | - | সদস্য-সচিব |

(২) দরপত্র কমিটি বিধি ৬(৪) এ উল্লেখিত দরপত্রের শর্তাবলীর আলোকে দরপত্র মূল্যায়ন করিবে।

(৩) দরপত্র কমিটি সাধারণভাবে সর্বনিম্ন দর গ্রহণ করিবে এবং সর্বনিম্ন দর একাধিক হইলে উক্তরূপ দরদাতাগণের পূর্ব কার্যদক্ষতা বিবেচনা করিবে।

(৪) দরপত্র কমিটি ঠিকাদার নির্বাচনের সুপারিম পরিষদের সভায় অনুমোদনের জন্য উপজেলা চেয়ারম্যানের নিকট দাখিল করিবে।

৫। **দরপত্র অনুমোদন**।—(১) দরপত্র কমিটির সুপারিশ পাওয়ার পর পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (২০০৬ সনের ২৪ নং আইন) এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধানাবলী সাপেক্ষে, চেয়ারম্যান, এক লক্ষ টাকা পর্যন্ত মূল্যমানের দরপত্র এককভাবে অনুমোদন করিতে পারিবেন এবং ইহার অধিক মূল্যমানের দরপত্র অনুমোদনের জন্য পরিষদ সভায় উপস্থাপন করিবেন।

(২) পরিষদ, উহার সভায় উপস্থাপিত দরপত্রসমূহ এবং দরপত্র কমিটির সুপারিশ বিবেচনাপূর্বক দরপত্র অনুমোদন করিবে অথবা পুনরায় মূল্যায়নের প্রয়োজনীয়তার ক্ষেত্রে, কারণ উল্লেখপূর্বক, উক্ত দরপত্রসমূহ কমিটির নিকট প্রেরণ করিবে।

(৩) দরপত্র অনুমোদনের ক্ষেত্রে উপ-বিধি (১) হইতে (২) এ বর্ণিত নাই এরূপ বিষয়ে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (২০০৬ সনের ২৪ নং আইন) এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধানাবলী অনুসরণ করিতে হইবে।

(৪) পরিষদ কর্তৃক দরপত্র অনুমোদনের সুপারিশ গৃহীত হইলে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধান মোতাবেক কৃতকার্য দরপত্রদাতার নিকট চুক্তি সম্পাদনের জন্য নোটিশ প্রেরণ করিতে হইবে।

৬। **চুক্তি সম্পাদন।—(১)** পরিষদের পক্ষে চেয়ারম্যান এবং চেয়ারম্যানের অনুপস্থিতিতে চেয়ারম্যান কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তার স্বাক্ষরযোগে চুক্তি সম্পাদন করা যাইবে।

(২) উভয় পক্ষের স্বাক্ষর ও তারিখ যোগে চুক্তি সম্পাদিত হইবে।

(৩) চুক্তি পরিষদের সাধারণ সীলমোহরযুক্ত হইবে।

(৪) এই বিধিমালার অধীন সম্পাদিত প্রতিটি চুক্তিতে নিম্নবর্ণিত শর্তাবলী সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকিতে হইবে, যথা ঃ—

(ক) যে কাজ সম্পন্ন করিতে হইবে বা যে সমস্ত মালামাল বা উপকরণ বা সেবা সরবরাহ করিতে হইবে, উহার বা উহাদের বর্ণনা;

(খ) উক্ত কাজ বা মালামাল বা উপকরণ বা সেবার জন্য প্রাক্কলিত মূল্য; এবং

(গ) উক্ত কাজ সম্পন্ন অথবা মালামাল বা উপকরণ বা সেবা সরবরাহের জন্য নির্ধারিত সময়।

৭। **জামানত।—(১)** কোন চুক্তি সম্পাদনের নিশ্চয়তা বিধানের উদ্দেশ্যে পরিষদ পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধান মোতাবেক কৃতকার্য দরপত্র দাতার নিকট হইতে জামানত গ্রহণ করিবে।

(২) জামানত গ্রহণ ও জামানত ফেরত প্রদানের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধান অনুসরণ করিতে হইবে।

৮। **ঠিকাদারের ব্যর্থতার কারণে চুক্তি বাতিল।—(১)** চেয়ারম্যান, ঠিকাদারের ব্যর্থতার কারণে দশ দিনের লিখিত নোটিশ প্রদানপূর্বক চুক্তি বাতিল করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত ঠিকাদারের ব্যর্থতা হিসাবে নিম্নবর্ণিত কার্যসমূহ গণ্য হইবে, যখন ঠিকাদার—

(ক) বিধি ৭ অনুযায়ী প্রয়োজনীয় জামানত প্রদানে ব্যর্থ হন; বা

(খ) দেউলিয়া হন; বা

(গ) চেয়ারম্যানের লিখিত অনুমতি ব্যতিরেকে চুক্তির কাজ অন্যের নিকট হস্তান্তর করেন; বা

(ঘ) চুক্তির কোন গুরুত্বপূর্ণ শর্ত বা শর্তসমূহ ভংগ করেন; বা

(ঙ) উপজেলা প্রকৌশলী বা সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা কর্তৃক বাতিলকৃত মালামাল অপসারণের লিখিত আদেশের কুড়ি দিনের মধ্যে অপসারণে ব্যর্থ হন।

(৩) উপ-বিধি (১) অনুযায়ী চুক্তি বাতিল হইলে উক্তরূপ বাতিলকৃত চুক্তির আওতাধীন কাজ, মালামাল, উপকরণ বা সেবার কাজটি পরিষদের দখলে গ্রহণ করিতে হইবে এবং পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (২০০৬ সনের ২৪নং আইন) এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এ বিধৃত পদ্ধতিতে উক্তরূপ কাজ, ইত্যাদি সম্পন্ন করা হইবে।

৯। **অর্থ প্রদান পদ্ধতি।**—কোন ঠিকাদারকে কোন প্রকার অগ্রিম প্রদান করা যাইবে না এবং সংগৃহীত নির্মাণ সামগ্রীর জন্যও কোন অর্থ প্রদান করা যাইবে না ঃ

তবে শর্ত থাকে যে, পরিমাপ-বহিতে প্রকৃত কাজের পরিমাপ, লিপিবদ্ধ করা হইলে এবং ইহা উপজেলা প্রকৌশলী কর্তৃক পরীক্ষিত ও প্রত্যায়িত হইলে ইহার ভিত্তিতে প্রকৃতপক্ষে সম্পন্নকৃত কাজের জন্য ঠিকাদারকে চলতি বিল প্রদান করা যাইবে এবং উক্তরূপ অর্থ প্রদান সংক্রান্ত বিষয়ে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (২০০৬ সনের ২৪নং আইন) এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুসরণ করিতে হইবে।

১০। **অংশীদারিত্বমূলক কাজের চুক্তি।**—(১) পরিষদ পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (২০০৬ সনের ২৪নং আইন) এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধান অনুসরণের বাধ্যবাধকতা সাপেক্ষে, অংশীদারীত্বের ভিত্তিতে উন্নয়ন, সেবা, জনকল্যাণ ও জনসচেতনতামূলক কাজ সম্পাদন, পরিচালনা ব্যবস্থাপনা বা রক্ষণাবেক্ষণের জন্য কোন সরকারি বিভাগ, স্বায়ত্তশাসিত সংস্থা, বেসরকারি উন্নয়ন সংস্থা (এন জি ও), কমিউনিটি ভিত্তিক সংগঠন, আইনবলে নিবন্ধিত যে কোন সংস্থা, সংঘ, সমিতি, সংগঠন এবং অন্য কোন স্থানীয় সরকার প্রতিষ্ঠান এর সহিত চুক্তি সম্পাদন করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত চুক্তিসমূহের শর্তাবলী এবং পারস্পরিক দায়-দায়িত্ব নিরূপণ সংক্রান্ত বিষয়াদি পরিষদ কর্তৃক গঠিত একটি কারিগরি কমিটি কর্তৃক নির্ধারিত ও পরিষদ কর্তৃক অনুমোদিত হইতে হইবে। চুক্তির আইনগত দিক পরীক্ষা-নিরীক্ষার জন্য পরিষদ প্রয়োজনে আইনজীবীর পরামর্শ গ্রহণ করিতে পারিবে।

১১। **কতিপয় ব্যক্তির সহিত চুক্তি নিষিদ্ধ।**—উপজেলা পরিষদের চেয়ারম্যান অথবা ভাইস-চেয়ারম্যান, সদস্য, কর্মকর্তা বা কর্মচারীর বা তাহার কোন নিকট আত্মীয়ের সহিত বা চেয়ারম্যান অথবা ভাইস-চেয়ারম্যান, সদস্য, কর্মকর্তা বা কর্মচারীর বা তাহার কোন নিকট আত্মীয়ের মালিকানাধীন, বা তাঁহার দ্বারা পরিচালিত, ব্যবসায়ে জড়িত কোন ব্যক্তির সহিত উপজেলা পরিষদ কোন চুক্তিতে আবদ্ধ হইতে পারিবে না বা পরিষদের পক্ষে কোন চুক্তি করা যাইবে না।

> **ব্যাখ্যা ঃ** "নিকট আত্মীয়" অর্থে স্বামী, স্ত্রী, সন্তান, সৎ সন্তান, পিতা ও মাতা, আপন ও সৎ ভাই ও বোন, আপন চাচা ও চাচী, আপন মামা ও মামী, শ্বশুর ও শ্বাশুড়ী, জামাতা, পুত্রবধূ, আপন ভাগিনা ও ভাগিনী এবং স্বামী বা স্ত্রীর উক্তরূপ আত্মীয়গণও ইহার অন্তর্ভুক্ত হইবে।

১২। **রহিতকরণ।**—(১) The Upzila Parishad (Contract) Rules, 1986 এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিতকৃত Rules এর আওতায় অনিস্পন্ন কোন কার্যাদি, এই বিধিমালার সহিত সঙ্গতি সাপেক্ষে, এইরূপে নিস্পন্ন হইবে, যেন এই বিধিমালা প্রণীত হয় নাই।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মনজুর হোসেন**
সচিব।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd